আলমডাঙ্গা প্রেসক্লাবের অস্থায়ী কার্যালয়ের উদ্বোধন

বর্ণাঢ্য আয়োজনে আলমডাঙ্গা প্রেসক্লাবের অস্থায়ী কার্যালয়ের শুভ উদ্বোধন করা হয়েছে। আজ শনিবার বেলা ১২ টায় হাইরোডস্থ এ কার্যালয়ের ফিতা কেটে উদ্বোধন করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস। পরে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টুর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, সাংবাদিকরা হলো সমাজের দর্পণ। আপনারা জাতির বিবেক। যে কোন ঘটনা আপনাদের মাধ্যমে সারা দেশের মানুষ অবগত হয় । আমি বলবো একটা সমাজ পূণর্গঠনে সাংবাদিকদের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ । কারণ একটা সংবাদ যদি একটা পত্রিকায় সঠিক ভাবে না এসে ভিন্নভাবে আসে। তাহলে কিন্ত এর প্রভাব অনেক দূর গড়াই । আমি প্রায় ১ বছর হয়ে গেলো আলমডাঙ্গায় এসেছি। সাংবাদিকের কারোর কাছ থেকে নেগেটিভ নিউজ পাইনি। সেজন্য আমার উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সবাইকে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। ইতিমধ্যে দুটি বড় নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচন কেন্দ্রীক সাংবাদিকের নিকট থেকে অনেক সহযোগীতা পেয়েছি। সামনের দিনগুলোতে আপনাদের এভাবেই সহযোগীতা কামনা করছি।

আলোচনা সভায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গার থানার অফিসার ইনচার্জ শেখ গনি মিয়া।
আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজমের সঞ্চালনায় বক্তব্য রাখেন প্রেসক্লাবের সহ-সভাপতি শেখ শফিউজ্জামান, আনোয়ার হোসেন, সিনিয়র সাংবাদিক প্রশান্ত বিশ্বাস, প্রেস ক্লাবের সহ-সাংগঠনিক সম্পাদক বশিরুল আলম, প্রচার সম্পাদক জাফর জুয়েল, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আতিক বিশ্বাস।

এসময় আরো উপস্থিত ছিলেন প্রেস ক্লাবের সহ-সভাপতি হাবিবুর রহমান রুনু, মৌলভী আবুল কাশেম, যুগ্ম সাধারণ সম্পাদক শাহাবুল হক, তানভীর সোহেল, কে,এ মান্নান, সাংগঠনিক সম্পাদক কাইরুল ইসলাম মামুন, কোষাধ্যক্ষ সাজদুল হক মুনি, ক্রীড়া সম্পাদক আব্দুর

রাজ্জাক, শিক্ষা ও সাহিত্য বিষয়ক সম্পাদক জামিরুল ইসলাম, সমাজ কল্যাণ সম্পাদক গোলাম সরোয়ার সদু, আইসিটি বিষয়ক সম্পাদক মীর ফাহিম ফয়সাল, ধর্মীয় বিষয়ক সম্পাদক গোলাম রহমান চৌধুরী, নির্বাহী সদস্য নাসির উদ্দিন, মহসিন আলী হোসেন, রানা আহম্মেদ, হাসিবুল ইসলাম, লাল্টু রহমান, সাব্বির আহম্মেদ রিজভী প্রমুখ।

চুয়াডাঙ্গায় বিশ্ব তামাক মুক্ত দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা

চুয়াডাঙ্গায় বিশ্ব তামাক মুক্ত দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

তামাক কোম্পানির হস্তক্ষেপ প্রতিহত করি শিশু সুরক্ষা নিশ্চিত করি প্রতিপাদ্য জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সার্বিক সহযোগিতায় এবং চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের
আয়োজনে বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আজ শুক্রবার সকাল সাড়ে নয়টার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে দিবসটি উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে হতে একটি বর্ণাঢ্য র্যালি বাহির হয়ে চুয়াডাঙ্গার বিভিন্ন প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে আবার চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়। বর্ণাঢ্য র্যালি শেষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলনে কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক( শিক্ষা ও আইসিটি) কবীর হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

আলোচনা সভায় বক্তারা তামাকজাত পণ্যের উপর প্রতিহত এবং ব্যবহার নিরুৎসাহিত করার উপর বিশেষ জোরদার এবং একজন ব্যক্তির সামগ্রিক

স্বাস্থের উপর সিগারেটসহ অন্যান্য তামাকজাত দ্রব্যের ক্ষতিকারক প্রভাব তুলে ধরেন। তামাক চাষ ও তামাকজাত পণ্যের মারাত্মক স্বাস্থ্য ঝুঁকি, পরিবেশ ও অর্থনৈতিক ক্ষতির বিভিন্ন দিক তুলে ধরে ভবিষ্যৎ প্রজন্মকে তামাকজাত পণ্যের প্রভাব মুক্ত রাখতে পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান, বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরেন। পরিশেষে, তামাকজাত দ্রব্য ও ধূমপান নিয়ন্ত্রণে সকলের সম্মিলিত উদ্যোগ ও সহযোগিতা প্রত্যাশা করেন বক্তারা। অনুষ্ঠানটি সঞ্চালনা করতে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুমাইয়া

র্যালি ও আলোচনা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা।

এ সময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) (পুলিশ সুপার পদে পদোন্নতি প্রাপ্ত) রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার ফাতেমা তুজ জোহরা, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) নাজিম উদ্দীন আল আজাদ, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার( সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও জেলা পুলিশ বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তাবৃন্দ, সাংবাদিকবৃন্দ, এনজিও সংস্থা, স্কুল কলেজের শিক্ষক, রোভার স্কাউটস ও কোমলমতি শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় নতুন মোটরসাইকেল কিনে বাড়ি ফেরা হলো না হাসিবুলের

দামুড়হুদায় নতুন মোটরসাইকেল কিনে বাড়ি ফেরার পথে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে হাসিবুল মল্লিক (২৫) নামের এক যুবক নিহত হয়েছে।নিহত হাসিবুল মল্লিক নাটুদহ ইউনিয়নের খলিশাগাড়ি গ্রামের

ইয়াকুব মল্লিকের ছেলে। আজ শুক্রবার বিকাল সাড়ে ৫ টার দিকে মহাসড়কে উজিরপুর আশরাফুল ইসলামের চায়ের দোকানের সামনে এদূর্ঘটনা ঘটে।

জানাযায় দামুড়হুদা উপজেলার নাটুদাহ ইউনিয়নের খলিশাগাড়ি গ্রামের ইয়াকুব মল্লিকের ছেলে হাসিবুল মল্লিক আলমডাঙ্গার হাট থেকে পালসার মোটরসাইকেল কিনে বাড়িতে ফিরছিলেন। এসময় উজিরপুর আশরাফুল ইসলামের চায়ের দোকানের সামনে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে মহাসড়কের উপর পড়ে গিয়ে গুরুতর জখম হয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।নিহতর লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে রাখা হয়েছে।

স্থানীয় ইউপি সদস্য মনিরুল ইসলাম বলেন, আমার গ্রামের হাসিবুল মল্লিক নামের এক যুবক মারা গেছে। শুনেছি মোটরসাইকেল কিনে আসার পথে এদূর্ঘটনা ঘটে। মোটরসাইকেলটি কার এটা এখনো জানতে পারেনি।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির সত্যতা নিশ্চিত করে বলেন, হাসিবুল নামের এক যুবক নিহত হয়েছে।এখনও পযন্ত কেউ কোন অভিযোগ দায়ের করেনি। লাশের সুরতাহাল রির্পোট করবেন চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ।

দামুড়হুদা উপজেলার নবনির্বাচিত চেয়ারম্যানদের শপথ গ্রহন

দামুড়হুদা উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান আলি মুনছুর বাবু ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান দ্বিতীয় মেয়াদের জন্য খুলনা বিভাগীয় কমিশনার এর কার্যালয়ে শপথ গ্রহণ করেন।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে শপথ পাঠ করান বিভাগীয় কমিশনার অতিরিক্ত সচিব হেলাল মাহমুদ শরীফ।

জানাযায়, সারা বাংলাদেশের ন্যায় দামুড়হুদা উপজেলায় গত ৮ ই মে উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে দামুড়হুদা

উপজেলা চেয়ারম্যান আনারস প্রতীক নিয়ে আলি মুনছুর বাবু ৪৯ হাজার৯ শত ৫২ ভোট পেয়ে নির্বাচিত হন। ভাইস চেয়ারম্যান কোন প্রতিদন্ডি না থাকায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় শফিউল কবীর ইউসুফ ভাইস চেয়ারম্যান নির্বাচিত হন এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদে মোছাঃ তানিয়া খাতুন ফুটবল প্রর্তীক নিয়ে ৩৩ হাজার ৪ শত ৮৬ ভোট পেয়ে নির্বাচিত হন। গতকাল সকলে খুলনা বিভাগীয় কমিশনার এর কার্যালয়ে শপথ গ্রহণ করেন।

দর্শনা মাদক ও নিষিদ্ধ ব্রুইপেন ইনজেকশনসহ গ্রেফতার ২

দর্শনা দক্ষিণ চাঁদপুর ও পাঠানপাড়ায় পৃথক দুটি মাদক বিরোধী অভিযান করেছে দর্শনা থানা পুলিশ। এ অভিযানে গাঁজা ও ব্রুইপেন ইনজেকশন উদ্ধার সহ দুই মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানায়, দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে গত বুধবার রাত পৌনে ১১ টার দিকে থানার এসআই সেকেন্দার আবু জাফর সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা পৌর এলাকার পাঠানপাড়া রেল কলোনীর মৃত আব্দুল গফুরের ছেলে জাহাঙ্গীরের বাড়ীর সামনে ইটের সলিং রাস্তার উপর।

এসময় পাঠানপাড়া রেল কলোনীর রুস্তম আলী ও আলেয়া বেগম দম্পতির সন্তান লাভলু ওরফে ডাবলকে (৩৭) অবৈধ মাদকদ্রব্য ৫ শত গ্রাম গাঁজাসহ গ্রেফতার করে পুলিশ।

গত বুধবার রাত সোয়া ১১ টার দিকে পৃথক আরেকটি অভিযান পরিচালনা করেন দর্শনা পৌর এলাকার দক্ষিন চাঁদপুর গ্রামের টাওয়ারপাড়ার আলমের চায়ের দোকানের সামনে ইটের সলিং রাস্তার উপর। এসময় অবৈধ মাদকদ্রব্য ২ শত গ্রাম গাঁজা ও ১ শত পিচ ব্রুইপেন ইনজেকশন সহ গ্রেফতার করা হয় দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের মৃত আঃ রহমান ও আয়েশা খাতুন দম্পতির সন্তান সালাহ উদ্দিন কাজলকে (৪৫)।

গ্রেফতারকৃত দুই আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় পৃথক,পৃথক দুটি

নিয়মিত মামলা রুজু করা হয়।

চুয়াডাঙ্গায় পশুর হাট ইজারাদারদের সাথে পুলিশ সুপারের মতবিনিময়

আসন্ন পবিত্র ঈদুল আযহা ২০২৪ সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে পশুর হাটের ব্যবস্থাপনা নিয়ে হাট ইজারাদারদের সাথে চুয়াডাঙ্গা জেলা পুলিশের উদ্যোগে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে গতকাল বৃহস্পতিবার বেলা বারোটার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা সভাপতিত্বে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় পুলিশ সুপার আসন্ন ঈদুল আযহা উপলক্ষে কোরবানীর পশুর হাটের ইজারাদারদের বিভিন্ন সুবিধা-অসুবিধার বক্তব্য শোনেন। তিনি এবারের হাট ব্যবস্থাপনা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য পশুর হাটের ইজারাদারদের গুরুত্বপূর্ণ দিক-নিদের্শনা প্রদান করেন। তন্মধ্যে হাটে এবং হাট সংশ্লিষ্ট খাবারের হোটেলে হাট মালিকের ব্যবস্থাপনায় পর্যাপ্ত সিসিটিভি ক্যামেরা স্থাপন,অজ্ঞান ও মলম পার্টি সম্পর্কে সচেতন থাকা,যত্রতত্র ভ্রাম্যমান হোটেল না বসানো,হাট ব্যবস্থাপনা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা এবং পশু হাটের বর্জ্য ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে সম্পন্ন করা,এক বাজারের গরুর ট্রাক জোর পূর্বক অন্য বাজারে না নামানো, বাজারের নির্দিষ্ট এলাকার বাইরে অথবা মানুষের চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টি করে পশু না রাখা,বাজার কমিটি কর্তৃক প্রদত্ত নির্ধারিত পোষাকে পর্যাপ্ত স্বেচ্ছাসেবক রাখা, বাজারে পর্যাপ্ত লাইটিং ব্যবস্থা রাখা এবং খাজনার তালিকা দৃশ্যমান স্থানে টাঙিয়ে রাখা, জনসচেতনতামূলক ব্যানার/ফেস্টুন ঝুলানো, স্থানীয় অফিসার ইনচার্জদের সাথে সমন্বয় রেখে হাটে পুলিশ কন্ট্রোলরুম রাখা এবং বড় ব্যবসায়ীদের বেশি পরিমান টাকা স্থানান্তরের ক্ষেত্রে স্থানীয় থানা পুলিশের সহযোগীতা নেওয়া, পশুহাটে পর্যাপ্ত জালনোট সনাক্তকরণ মেশিন রাখা, চাঁদাবাজি রোধ, পশুর হাটে ক্রেতা

বিক্রেতাদের হয়রানি বন্ধ রোধ এবং তাৎক্ষণিক পুলিশী সেবা গ্রহণের জন্য হাট এলাকার দৃশ্যমান স্থানে জেলা পুলিশের সিনিয়র অফিসারসহ সংশ্লিষ্ট অফিসার ইনচার্জ ও ডিউটি অফিসারদের সরকারি মোবাইল নম্বর সম্বলিত ফেসটুন/ব্যানার টাঙানোর নির্দেশনা প্রদান করেন।

উক্ত মতবিনিময় সভায় জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তা, সংশ্লিষ্ট অফিসার ইনচার্জ, ডিআইও-১, ডিএসবি, পশু হাটের ইজারাদারগণ ও তাদের প্রতিনিধি উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় হাউলী ইউনিয়ন পরিষদে চুড়ান্ত বাজেট ঘোষণা

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে ২০২৪-২৫ অর্থ বছরের চুড়ান্ত বাজেট ঘোষণা করা হয়েছে। আজ বৃহস্পতিবার (৩০ মে) সকাল ১১টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদের সভাকক্ষে এই চুড়ান্ত বাজেট ঘোষণা করেন হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন।

২০২৪-২৫ অর্থ বছরে চুড়ান্ত বাজেটে সম্ভাব্য আই ও ব্যয় এর খসড়া অনুযায়ী ২৪-২৫ইং অর্থ বছরে ১ কোটি ৮৬ লক্ষ ৪৪ হাজার ৯শত ৩১ টাকার চুড়ান্ত বাজেট ঘোষণা করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিনের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ইউপি সদস্য শহিদুল ইসলাম, আ: হান্নান পটু, শাহজামাল, রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা, আব্দুল হান্নান, আব্দুল্লাহ সেলিম, সাবিনা ইয়াসমিন, রওশনারা খাতুন, রহিমা খাতুনসহ ইউনিয়নের সকল ইউপি সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দিন।

চুয়াডাঙ্গার দর্শনা নাস্তিপুর সীমান্তে বিএসএফের গুলিতে এক বাংলাদেশী আহত

চুয়াডাঙ্গা জেলার দর্শনার নাস্তিপুর বাড়াদী সীমান্তে বিএসএফের গুলিতে এক বাংলাদেশী চোরাকারবারী নবিউল ইসলাম(৫০) আহত হয়েছে।

আহত নবিউল ইসলাম দামুড়হুদা পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর স্কল পাড়ার মৃত্য আব্দুল করিমের ছেলে।

বিএসএফের গুলিতে আহতের বড় ভাই শফিউল জানায়, গতকাল মঙ্গলবার (২৮মে) সন্ধার দিকে বাড়ি থেকে বের হয়ে পেঁপে বাগান দেখতে যায়। তারপর আমরা রাত ১১ টার দিকে ছররা গুলির শব্দ শুনতে পাই আমার ছোট ভাই নবিউল ইসলামকে বিএসএফ গুলি করেছে। ঐ অবস্থায় আমার ভাই প্রানে বেঁচে আসে। তারপর পরিবারের লোকজন দর্শনা প্রাইভেট হাসপাতালে নিলে সেখান থেকে ফেরত দেয়।

স্থানীয় গ্রামবাসীরা জানান, ওই দিন রাত ১১টার দিকে রবিউল বাড়াদি সীমান্তের ৭৯-৮০ পিলারের কাছ দিয়ে চোরাইপথে ভারতে প্রবেশ করে গভীররাতে ফিরে আসছিল। এ সময় বিজয়পুর ক্যাম্পের টহলরত বিএসএফের সামনে পড়লে তারা পাঁচ-ছয় রাউন্ড ছররা গুলি বর্ষণ করে। বিএসএফের ছোড়া গুলিতে রবিউল হোসেন মারাত্বক আহত হয়। গুলি লাগা অবস্থায় সীমান্তপার হয়ে বাংলাদেশে চলে আসে। পরে পরিবারের লোকজন তাকে বুধবার ভোরে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

এ ঘটনায় দামুড়হুদা সার্কেল এ এসপি জাকিয়া সুলতানা ও দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহা ঘটনাস্থল পরিদর্শন করেছে।

তবে এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা জানান, বাড়াদি সীমান্তবর্তি গ্রাম এলাকা পরিদর্শন করেছি। গ্রাম ও এলাকাবাসী জানালেন ওই দিন গভীররাতে বেশ কয়েক রাউন্ড গুলির শব্দ শোনা গেছে তবে নবিউল ইসলাম কোথায় চিকিৎসা নিচ্ছে সে বিষয়ে পরিবারের লোক মুখ খোলেনী।

এ ঘটনার বিষয়ে চুয়াডাঙ্গা-৬ বিজিবির ব্যাটেলিয়নের উপ-অধিনায়ক জানান, আমরা বিষয়টি শুনেছি তবে খোঁজখবর নিয়ে দেখি, তারপর জানাব।

জীবননগরে বিভিন্ন প্রতিষ্ঠানের মাঝে টি আরের অথ প্রদান

জীবননগরে বিভিন্ন প্রতিষ্ঠানের মাঝে টি আরের অথ প্রদান করা হয়েছে। আজ বুধবার বিকাল ৪ টার সময় জীবননগর উপজেলায় ২০২৩ -২০২৪ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর) নির্বাচনী এলাকা (৩য় পর্যায়) বিভিন্ন মসজিদ, মন্দির ও বিভিন্ন প্রতিষ্ঠানে উন্নয়নের জন্য এ চেক বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে, চেক তুলে দেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর প্রেস সভাপতি এম.আর.বাবু, রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জদ মিজা, সাংবাদিক মিঠুন মাহমুদ, জীবননগর উপজেলা প্রকল্প কমকতা মোঃ মিজানুর রহমান প্রমুখ।

জীবননগরে মৎস্য চাষ ও গবাদি পশু পালনের প্রশিক্ষণ অনুষ্ঠিত

জীবননগরে কৃষক উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক মৎস্য চাষ ও গবাদি পশু ও হাঁস মুরগি পালনের উপর প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে, আজ বুধবার সকাল ১০ টার সময় জীবননগর উপজেলা পরিষদ সভাপক্ষে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ মহাব্যবস্থাপক কুষ্টিয়া অঞ্চল পলাশ চক্রবর্তী, প্রশিক্ষণ প্রদান করেন উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা দ্বীন ইসলাম, প্রশিক্ষণ অনুষ্ঠানটির সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা ব্যবস্থাপক শেখ হারুন-অর রশিদ।